# মৌসুমী বন্যা এবং বৃষ্টিপাতের জরুরী তথ্য (২৪ আগস্ট, ২০২৪ খ্রি. সন্ধ্যা ০৬ টা)

- দেশের উত্তর-পূর্বাঞ্চল, পূর্বাঞ্চল ও দক্ষিণ-পূর্বাঞ্চলের প্রধান নদীসমূহের পানি সমতল ধীর গতিতে হ্রাস পাচ্ছে।

- **বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন (সে.মি.):** ৯টি

  অমলশীদ (কুশিয়ারা) +১১, শেওলা (কুশিয়ারা) +০১, শেরপুর-সিলেট (কুশিয়ারা) +০৭, মারকুলী (কুশিয়ারা) +০১, মৌলভীবাজার (মনু) +৬৬, বাল্লা (খোয়াই) +২৫, কুমিল্লা (গোমতী) +৯২, রামগড় (ফেণী) +৩০, পরশুরাম (মুহুরি) - যোগাযোগ বিচ্ছিন্ন।

- **বিপদসীমার নিচে:**

  হবিগঞ্জ (খোয়াই), মনু রেলওয়ে ব্রিজ (মনু), দেবীদ্বার (গোমতী), নারায়ণহাট (হালদা), পাঁচপুকুরিয়া (হালদা)

- **দেশের উজানে পানি সমতল বিপদসীমা তথ্য:**

  মুহুরী (বিলোনিয়া-ত্রিপুরা) বিপদসীমার ১০৯ সেমি নিচে, বিগত ৩ ঘণ্টায় ৩ সে.মি. হ্রাস
  গোমতী (অমরপুর): বিপদসীমা ৯ সেমি. উপর, বিগত ৩ ঘণ্টায় ৪ সে.মি. হ্রাস

- **আজ সকাল ৯ টার পর দেশের উজানে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (মি.মি.): নেই**

- আজ সকাল ৯ টার পর দেশের অভ্যন্তরে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (মি.মি.): নেই

- বিগত ৩ ঘণ্টায় পূর্বাঞ্চলীয় কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া ও ফেনী জেলার ভারতীয় ত্রিপুরা সীমান্তবর্তী অঞ্চলে এবং ত্রিপুরা প্রদেশের অভ্যন্তরীণ অববাহিকাসমূহে উল্লেখযোগ্য বৃষ্টিপাত পরিলক্ষিত হয়নি এবং উজানের নদ-নদীর পানি সমতল হ্রাস অব্যাহত আছে। ফলে বর্তমানে

মৌলভীবাজার, হবিগঞ্জ, ফেনী, কুমিল্লা ও চট্টগ্রাম জেলার নিম্নাঞ্চলের বিদ্যমান বন্যা পরিস্থিতির উন্নতি অব্যাহত আছে।

- আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, আগামী ১৫ ঘন্টায় দেশের উত্তর-পূর্বাঞ্চল ও তৎসংলগ্ন উজানে ভারি বৃষ্টিপাতের সম্ভাবনা নেই। এ সময় উত্তর-পূর্বাঞ্চলের মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার মনু, খোয়াই, ধলাই নদী সমূহের পানি সমতল হ্রাস পেতে পারে এবং সংলগ্ন নিম্নাঞ্চলের বন্যা পরিস্থিতির উন্নতি অব্যাহত থাকতে পারে।

- আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, আগামী ১৫ ঘন্টায় দেশের দক্ষিণ-পূর্বাঞ্চল, পূর্বাঞ্চল ও তৎসংলগ্ন উজানে ভারি বৃষ্টিপাতের সম্ভাবনা নেই। এ সময় এ অঞ্চলের ফেনী, কুমিল্লা ও চট্টগ্রাম জেলার মুহুরী, ফেনী, গোমতী, হালদা ইত্যাদি নদীসমূহের পানি সমতল হ্রাস পেতে পারে এবং সংলগ্ন নিম্নাঞ্চলের বন্যা পরিস্থিতির উন্নতি অব্যাহত থাকতে পারে।

- ব্রহ্মপুত্র-যমুনা নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে, গঙ্গা-পদ্মা নদীর পানি সমতল স্থিতিশীল আছে, উত্তরাঞ্চলের তিস্তা-ধরলা-দুধকুমার নদীসমূহের পানি সমতল সামগ্রিকভাবে স্থিতিশীল আছে, যা আগামী ৪৮ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে। দেশের উত্তর-পূর্বাঞ্চলের সুরমা-কুশিয়ারা নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে, যা আগামী ১৫ ঘন্টা অব্যাহত থাকতে পারে।

- সেনাবাহিনী, কোষ্টগার্ড, বিজিবি, জেলা প্রশাসন, স্থানীয় শিক্ষার্থীবৃন্দ ও বাপাউবো দুর্যোগ মোকাবিলায় কাজ করছে।